http://ajkerpatrika.com/news/2017/06/15/93294/print

আজকের পত্রিকা
www.ajker patrika.com

গৃহশ্রমিক নির্যাতন বন্ধে জনসচেতনতা বাড়াতে হবে

গৃহশ্রমিক নির্যাতন বন্ধে জনসচেতনতা বাড়াতে হবে। শুধু আইন করলেই নির্যাতন বন্ধ হবে না বলে মন্তব্য করেছেন শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় বিষয়ক সংসদীয় স্থায়ী কমিটির সদস্য সংসদ সদস্য ইসরাফিল আলম। তিনি বলেন, সমাজের প্রত্যেক পরিবারকে এ বিষয়ে সচেতন হতে হবে। খেয়াল রাখতে হবে যেন, কাউকে দিয়ে কোনো শ্রমিক নির্যাতনের শিকার না হন। বৃহস্পতিবার জাতীয় প্রেসক্লাবের ভিআইপি লাউঞ্জে 'গৃহশ্রমিকের জন্য আইনি সুরক্ষা, আন্তর্জাতিক সনদ: বর্তমান অবস্থা ও করণীয়' শীর্ষক মতবিনিময় সভায় ইসরাফিল আলম এ মন্তব্য করেন। বাংলাদেশ লিগ্যাল এইড অ্যান্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট) ও জাতীয় গার্হস্থ্য নারী শ্রমিক ইউনিয়ন এ মতবিনিময় সভার আয়োজন করে। তিনি বলেন, বিদ্যমান আইনেই ক্ষতিগ্রস্ত গৃহশ্রমিকদের অধিকার রক্ষা সম্ভব। এ জন্য নতুন কোনো আইন প্রণয়ন করার প্রয়োজন নেই। এসময় জাতীয় গার্হস্থ্য নারী শ্রমিক ইউনিয়নের উপদেষ্টা আবুল হোসেন বলেন, জেনেভা কনভেনশন ২০১১ বাংলাদেশ গ্রহণ করলেও দেশে এর তেমন কোনো অগ্রগতি নেই। সরকার এ ব্যাপারে ধীরে চলার নীতি গ্রহণ করেছে। তবে আশার কথা, গৃহশ্রমিকদের লাগাতার আন্দোলনের কারণে ২০১৫ সালে সরকার গৃহশ্রমিকদের জন্য সুরক্ষা ও কল্যাণনীতি পাস করেছে। নীতিমালা দিয়ে শ্রমিকদের সুরক্ষা হয় না। শ্রমিকদের সুরক্ষার জন্য আইনেরও কোনো বিকল্প নেই। মতবিনিময় সভায় আরো উপস্থিত ছিলেন, ব্লাস্টের লিগ্যাল ফ্যাসিলিটেটর রহিমা খাতুন, অনন্যা চক্রবর্তী, জাতীয় গার্হস্থ্য নারী শ্রমিক ইউনিয়নের সাধারণ সম্পাদক মুরশিদা আক্তার প্রমুখ।

http://natunkagoj.com/%E0%A6%97%E0%A7%83%E0%A6%B9%E0%A6%B6%E0%A7%8D%E0%A6%B0%E0%A6%AE%E0%A6%BF%E0%A6%95-%E0%A6%A8%E0%A6%BF%E0%A6%B0%E0%A7%8D%E0%A6%AF%E0%A6%BE%E0%A6%A4%E0%A6%A8-%E0%A6%AC%E0%A6%A8%E0%A7%8D%E0%A6%A7%E0%A7%87/

আগামীর দৈনিক নতুন কাগজ

গৃহশ্রমিক নির্যাতন বন্ধে জনসচেতনতা বাড়াতে হবে

আপডেট: ১৫ জুন ২০১৭ | ১৬:৫৪

নতুন কাগজ প্রতিবেদক: শুধু আইন করলেই গৃহশ্রমিক নির্যাতন বন্ধ হবে না। এরজন্য জনসচেতনতা বৃদ্ধি করতে হবে বলে মন্তব্য করেছেন বাংলাদেশ শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় বিষয়ক সংসদীয় স্থায়ী কমিটির সদস্য সংসদ সদস্য ইসরাফিল আলম।

আজ বৃহস্পতিবার জাতীয় প্রেসক্লাবের ভিআইপি লাউঞ্জে বাংলাদেশ লিগ্যাল এইড অ্যান্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট) ও জাতীয় গার্হস্থ্য নারী শ্রমিক ইউনিয়ন কর্তৃক আয়োজিত ‘গৃহশ্রমিকের জন্য আইনি সুরক্ষা, আন্তর্জাতিক সনদ: বর্তমান অবস্থা ও করণীয়’ শীর্ষক এক মতবিনিময় সভায় তিনি এ কথা বলেন।

তিনি আরও বলেন, প্রতিনিয়ত গৃহকর্মীরা কোন না কোন ভাবে নির্যাতনের শিকার হচ্ছে। আমাদের সকলের উচিত এ ব্যাপারে একটু বেশি সচেতন হওয়া। খেয়াল রাখতে হবে যেন গৃহশ্রমিকরা নির্যাতিত না হন। কাউকে দিয়ে যেন কোনো শ্রমিক নির্যাতনের শিকার না হন। বর্তমানে শ্রমিক নির্যাতনের যে আইন রয়েছে তা দিয়েই ক্ষতিগ্রস্ত বা নির্যাতিত গৃহশ্রমিকদের অধিকার রক্ষা সম্ভব। এ জন্য নতুন কোনো আইনের প্রয়োজন নেই।

সভায় আরো উপস্থিত ছিলেন; জাতীয় গার্হস্থ্য নারী শ্রমিক ইউনিয়নের উপদেষ্টা আবুল হোসেন, ব্লাস্টের লিগ্যাল ফ্যাসিলিটেটর রহিমা খাতুন, অনন্যা চক্রবর্ত্তী, জাতীয় গার্হস্থ্য নারী শ্রমিক ইউনিয়নের সাধারণ সম্পাদক মুরশিদা আক্তারসহ অনেকে।

http://www.natunsomoy.com/%E0%A6%97%E0%A7%83%E0%A6%B9%E0%A6%B6%E0%A7%8D%E0%A6%B0%E0%A6%AE%E0%A6%BF%E0%A6%95-%E0%A6%A8%E0%A6%BF%E0%A6%B0%E0%A7%8D%E0%A6%AF%E0%A6%BE%E0%A6%A4%E0%A6%A8-%E0%A6%AC%E0%A6%A8%E0%A7%8D%E0%A6%A7%E0%A7%87-%E0%A6%9C%E0%A6%A8%E0%A6%B8%E0%A6%9A%E0%A7%87%E0%A6%A4%E0%A6%A8%E0%A6%A4%E0%A6%BE-%E0%A6%AC%E0%A6%BE%E0%A7%9C%E0%A6%BE%E0%A6%A4%E0%A7%87-%E0%A6%B9%E0%A6%AC%E0%A7%87/94259

নতুন সময়
www.natunsomoy.com

গৃহশ্রমিক নির্যাতন বন্ধে জনসচেতনতা বাড়াতে হবে

১৫ জুন ২০১৭ বৃহস্পতিবার, ০৩:৩১ পিএম

স্টাফ করেসপন্ডেন্ট
নতুনসময়.কম

গৃহশ্রমিক নির্যাতন বন্ধে জনসচেতনতা বাড়াতে হবে। শুধু আইন করলেই নির্যাতন বন্ধ হবে না বলে মন্তব্য করেছেন শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় বিষয়ক সংসদীয় স্থায়ী কমিটির সদস্য সংসদ সদস্য ইসরাফিল আলম।

তিনি বলেন, সমাজের প্রত্যেক পরিবারকে এ বিষয়ে সচেতন হতে হবে। খেয়াল রাখতে হবে যেন, কাউকে দিয়ে কোনো শ্রমিক নির্যাতনের শিকার না হন।

বৃহস্পতিবার জাতীয় প্রেসক্লাবের ভিআইপি লাউঞ্জে ‘গৃহশ্রমিকের জন্য আইনি সুরক্ষা, আন্তর্জাতিক সনদ: বর্তমান অবস্থা ও করণীয়’ শীর্ষক মতবিনিময় সভায় ইসরাফিল আলম এ মন্তব্য করেন।

বাংলাদেশ লিগ্যাল এইড অ্যান্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট) ও জাতীয় গার্হস্থ্য নারী শ্রমিক ইউনিয়ন এ মতবিনিময় সভার আয়োজন করে।

তিনি বলেন, বিদ্যমান আইনেই ক্ষতিগ্রস্ত গৃহশ্রমিকদের অধিকার রক্ষা সম্ভব। এ জন্য নতুন কোনো আইন প্রণয়ন করার প্রয়োজন নেই।
এসময় জাতীয় গার্হস্থ্য নারী শ্রমিক ইউনিয়নের উপদেষ্টা আবুল হোসেন বলেন, জেনেভা কনভেনশন ২০১১ বাংলাদেশ গ্রহণ করলেও দেশে এর তেমন কোনো অগ্রগতি নেই। সরকার এ ব্যাপারে ধীরে চলার নীতি গ্রহণ করেছে। তবে আশার কথা, গৃহশ্রমিকদের লাগাতার আন্দোলনের কারণে ২০১৫ সালে সরকার গৃহশ্রমিকদের জন্য সুরক্ষা ও কল্যাণনীতি পাস করেছে। নীতিমালা দিয়ে শ্রমিকদের সুরক্ষা হয় না। শ্রমিকদের সুরক্ষার জন্য আইনেরও কোনো বিকল্প নেই।
মতবিনিময় সভায় আরো উপস্থিত ছিলেন, ব্লাস্টের লিগ্যাল ফ্যাসিলিটেটর রহিমা খাতুন, অনন্যা চক্রবর্ত্তী, জাতীয় গার্হস্থ্য নারী শ্রমিক ইউনিয়নের সাধারণ সম্পাদক মুরশিদা আক্তার প্রমুখ।

http://newsg24.com/bangladesh/national/11389/%E0%A6%97%E0%A7%83%E0%A6%B9%E0%A6%B6%E0%A7%8D%E0%A6%B0%E0%A6%AE%E0%A6%BF%E0%A6%95%20%E0%A6%A8%E0%A6%BF%E0%A6%B0%E0%A7%8D%E0%A6%AF%E0%A6%BE%E0%A6%A4%E0%A6%A8%20%E0%A6%AC%E0%A6%A8%E0%A7%8D%E0%A6%A7%E0%A7%87%20%E0%A6%AC%E0%A6%BE%E0%A7%9C%E0%A6%BE%E0%A6%A4%E0%A7%87%20%E0%A6%B9%E0%A6%AC%E0%A7%87%20%E0%A6%B8%E0%A6%9A%E0%A7%87%E0%A6%A4%E0%A6%A8%E0%A6%A4%E0%A6%BE

newsg24.com

গৃহশ্রমিক নির্যাতন বন্ধে বাড়াতে হবে সচেতনতা

নিউজজি প্রতিবেদক ১৫ জুন , ২০১৭, ১৬:৩১:২৬

ঢাকা: গৃহশ্রমিক নির্যাতন বন্ধে জনসচেতনতা বাড়াতে হবে। শুধু আইন করলেই নির্যাতন বন্ধ হবে না বলে মন্তব্য করেছেন শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় বিষয়ক সংসদীয় স্থায়ী কমিটির সংসদ সদস্য ইসরাফিল আলম।

বৃহস্পতিবার জাতীয় প্রেসক্লাবের ভিআইপি লাউঞ্জে গৃহশ্রমিকের জন্য আইনি সুরক্ষা, আন্তর্জাতিক সনদ: বর্তমান অবস্থা ও করণীয় শীর্ষক মতবিনিময় সভায় ইসরাফিল আলম এ মন্তব্য করেন।

বাংলাদেশ লিগ্যাল এইড অ্যান্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট) ও জাতীয় গার্হস্থ্য নারী শ্রমিক ইউনিয়ন এ মতবিনিময় সভার আয়োজন করে।

তিনি বলেন, বিদ্যমান আইনেই ক্ষতিগ্রস্ত গৃহশ্রমিকদের অধিকার রক্ষা সম্ভব। এ জন্য নতুন কোনো আইন প্রণয়ন করার প্রয়োজন নেই।

এসময় জাতীয় গার্হস্থ্য নারী শ্রমিক ইউনিয়নের উপদেষ্টা আবুল হোসেন বলেন, জেনেভা কনভেনশন ২০১১ বাংলাদেশ গ্রহণ করলেও দেশে এর তেমন কোনো অগ্রগতি নেই। সরকার এ ব্যাপারে ধীরে চলার নীতি গ্রহণ করেছে। তবে আশার কথা, গৃহশ্রমিকদের লাগাতার আন্দোলনের কারণে ২০১৫ সালে সরকার গৃহশ্রমিকদের জন্য সুরক্ষা ও কল্যাণনীতি পাস করেছে। নীতিমালা দিয়ে শ্রমিকদের সুরক্ষা হয় না। শ্রমিকদের সুরক্ষার জন্য আইনেরও কোনো বিকল্প নেই।

মতবিনিময় সভায় আরো উপস্থিত ছিলেন, ব্লাস্টের লিগ্যাল ফ্যাসিলিটেটর রহিমা খাতুন, অনন্যা চক্রবর্ত্তী, জাতীয় গার্হস্থ্য নারী শ্রমিক ইউনিয়নের সাধারণ সম্পাদক মুরশিদা আক্তার প্রমুখ।

http://avdcslnaogaon.com/2017/06/15/%e0%a6%97%e0%a7%83%e0%a6%b9%e0%a6%b6%e0%a7%8d%e0%a6%b0%e0%a6%ae%e0%a6%bf%e0%a6%95%e0%a6%a6%e0%a7%87%e0%a6%b0-%e0%a6%86%e0%a6%87%e0%a6%a8%e0%a6%bf-%e0%a6%b8%e0%a7%81%e0%a6%b0%e0%a6%95%e0%a7%8d%e0%a6%b7/

গৃহশ্রমিকদের আইনি সুরক্ষা আন্তর্জাতিক সনদ: বর্তমান অবস্থা ও করনিয় বিষয়ক মতবিনিময় সভা অনুষ্ঠিত

গৃহশ্রমিকদের আইনি সুরক্ষা আন্তর্জাতিক সনদ:বর্তমান অবস্থা ও করনিয় বিষয়ক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।এতে প্রধান অতিথি শ্রমিক নেতা ইসরাফিল আলম এমপি।

আজ জাতীয় প্রেসক্লাবের ভিআইপি লাউন্জে।২০১০ সালে শুরু করেছিলেন,মানবতাবাদী আমাদের প্রধানমন্ত্রী, বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনার মহৎ ইচ্ছায়”গৃহকর্মী সুরক্ষা নীতিমালা “২০১৫ মন্ত্রী পরিষদ অনুমোদন করেছে। ইতিপূর্বে দেশে গৃহ শ্রমিকদের কল্যানার্থে কোন কিছুই ছিলনা। শ্রমিক আন্দোলনের কর্মী হিসেবে জননেতা জনাব ইসরাফিল আলম এমপির প্রচেষ্টায় এ আইন মন্ত্রী পরিষদ অনুমোদন হয়েছে। গর্ববোধ করছি,ধন্যবাদ ও কৃতঙ্গতা মাননীয় প্রধানমন্ত্রী ও মন্ত্রী পরিষদকে।